

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৩১

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ তওবা ও ইস্তেগফারের প্রতি উৎসাহ প্রদান করা

আরবী

31- عَنْ أَبِي هُرَيْرَةَ _رَضِيَ اللَّهُ عَنْهُ _ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ: ﴿ إِنَّ عَبْدًا أَصَابَ ذَنْبًا _وَرُبَّمَا قَالَ: أَذْنَبَ ذَنْبًا _ فَقَال: رَبِّ أَذْنَبتُ _وَرُبَّمَا قَالَ: أَصَبْتُ فَاغْفِرْ لِي _ فَقَالَ رَبُّهُ: أَعَلِمَ عَبْدِي أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ؟ غَفَرْتُ لِعَبْدِي، ثُمَّ مَكَثَ مَا شَاءَ اللَّهُ، ثُمَّ أَصَابَ ذَنْبًا _ أَوْ أَذْنَبَ ذَنْبًا _ فَقَالَ: رَبِّ أَذْنَبتُ _ أَوْ أَذْنَبَ ذَنْبًا _ فَقَالَ: رَبِّ أَذْنَبتُ _ أَوْ أَصَبْتُ _ أَوْ أَحْدَر فَاغْفِرْهُ. فَقَالَ: أَعلِمَ عَبْدِي أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ؟ غَفَرْتُ لِعَبْدِي. ثُمَّ مَكْثُ مَا شَاءَ اللَّهُ ثُمَّ أَذْنَبَ ذَنْبًا _ وَرُبَّمَا قَالَ: أَصَابَ ذَنْبًا _ قَالَ: قَالَ: رَبِّ أَصَبْتُ _ أَوْ مَبْدِي أَنَّ لَهُ رَبًا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ؟ غَفَرْتُ لِعَبْدِي. ثُمَّ مَكْثُ مَا شَاءَ اللَّهُ ثُمَّ أَذْنَبَ ذَنْبًا _ وَرُبَّمَا قَالَ: أَصَابَ ذَنْبًا _ قَالَ: قَالَ: رَبِّ أَصَبْتُ _ أَوْ قَالَ: قَالَ: رَبِّ أَصَبْتُ _ أَوْ فَاغُورُهُ لِي. فَقَالَ: أَعْلِمَ عَبْدِي أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِهِ؟ عَفَرْتُ لِعَبْدِي ثَلَاثًا فَلْيَعْمَلْ مَا شَاءَ » . (خ, م) صحيح غَفَرْتُ لِعَبْدِي ثَلَاقًا فَلْيَعْمَلْ مَا شَاءَ » . (خ, م) صحيح

বাংলা

৩১. আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু বলেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে শুনেছি, তিনি বলেছেন: "কোন বান্দা পাপে লিপ্ত হল, অথবা বলেছেন: কোন পাপ করল। অতঃপর বলে: হে আমার রব আমি পাপ করেছি, অথবা বলে: পাপে লিপ্ত হয়েছি আমাকে ক্ষমা করুন। তার রব বলেন: আমার বান্দা কি জানে তার রব রয়েছে, য়িন পাপ ক্ষমা করেন ও তার জন্য পাকড়াও করেন? আমার বান্দাকে ক্ষমা করে দিলাম। অতঃপর আল্লাহ যে পরিমাণ চান সে বিরত থাকে। অতঃপর পাপে লিপ্ত হয়় অথবা পাপ সংগঠিত করে, অতঃপর বলে: হে আমার রব, আমি দ্বিতীয় পাপ করেছি অথবা দ্বিতীয় পাপে লিপ্ত হয়েছি, আপনি তা ক্ষমা করুন। আল্লাহ বলেন: আমার বান্দা কি জানে তার রব রয়েছে, য়িন পাপ ক্ষমা করেন ও তার জন্য পাকড়াও করেন? আমার বান্দাকে আমি ক্ষমা করে দিলাম। অতঃপর আল্লাহর যে পরিমাণ চান সে বিরত থাকে। অতঃপর কোন পাপ করে অথবা বলেছেন: পাপে লিপ্ত হয়। তিনি বলেন: সে বলে: হে আমার রব আমি পাপ করেছি অথবা পাপে লিপ্ত হয়েছি আবারও, আপনি আমার জন্য তা ক্ষমা করুন। আল্লাহ বলেন: আমার বান্দা কি জানে তার রব রয়েছে, য়িন পাপ ক্ষমা করেন ও তার জন্য পাকড়াও করেন? আমি আমার বান্দাকে তিনবারই ক্ষমা করে দিলাম, সে যা চায় আমল করুক"। বিপারি ও মুসলিম হািদসিটি সহিহ।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন